



## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

২১/০৮

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১৫৮/ ২৬৮৭/৪

তারিখঃ ০০/০৮/২০১৭খ্রিঃ

**বিষয়ঃ** রিট পিটিশন নং- ৩৩০৮/২০১৭ এ প্রদত্ত আদেশ মোতাবেক ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলাধীন দাওশা দরগাবাড়ী হিলফুল ফুজুল দাখিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব জি. এম. এম. নুরুল ইসলাম এর ২৬/০১/২০১৭ ইং তারিখের দরখাস্ত (এনেক্সার-ডি) নিষ্পত্তি প্রসঙ্গে।

**সূত্রঃ** নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১৫৮/২৬৭০/৪; তারিখঃ ১৬/০৮/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৩৩০৮/২০১৭ এ প্রদত্ত আদেশ মোতাবেক ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলাধীন দাওশা দরগাবাড়ী হিলফুল ফুজুল দাখিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব জি. এম. এম. নুরুল ইসলাম এর ২৬/০১/২০১৭ ইং তারিখের দরখাস্ত (এনেক্সার-ডি) নিষ্পত্তি করার জন্য মহামান্য হাইকোর্ট আদেশ জারি করেন। উক্ত আদেশের প্রেক্ষিতে বোর্ড হতে সূত্রোক্ত স্মারকে ম্যানেজিং কমিটির সভাপতি, ভারপ্রাপ্ত সুপার ও জনাব জি. এম. এম. নুরুল ইসলাম সুপার (সাময়িক বরখাস্তকৃত)-কে সকল কাগজপত্রাদিসহ ২০/০৮/২০১৭খ্রিঃ তারিখে বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে তাঁদের দাবীর পক্ষে বক্তব্য প্রদান করার জন্য পত্র দেয়া হয়।

উক্ত পত্রের প্রেক্ষিতে বর্ণিত পক্ষদ্বয় বোর্ডে উপস্থিত হয়ে তাদের স্বীয় বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র বোর্ডে দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, মাদরাসার সুপার জনাব জি. এম. এম. নুরুল ইসলামকে ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া থানায় দায়েরকৃত নাশকতা বিষয়ক মামলা নং- ৬(১১)/২০১৫ মামলায় বিগত ১৫/১১/২০১৫খ্রিঃ তারিখে পুলিশ গ্রেফতার করে বিজ্ঞ আদালতে সোপর্দ করলে তাঁকে জেল হাজতে প্রেরণ করেন বিধায় মাদরাসার ম্যানেজিং কমিটি কর্তৃক বিগত ১৭/১১/২০১৫খ্রিঃ তারিখের সিদ্ধান্ত মোতাবেক সাময়িক বরখাস্ত করা হয়।

উক্ত মামলায় পুলিশ তদন্ত করে সুপার জনাব জি. এম. এম. নুরুল ইসলাম এর বিরুদ্ধে বিগত ২৮/০৩/২০১৭খ্রিঃ তারিখে চার্জশীট দাখিল করেন, যা বর্তমানে বিশেষ ট্রাইবুনালে বিচারাধীন আছে (বিশেষ ট্রাইবুনাল মোকদ্দমা নং- ৫৬/২০১৭)। উল্লেখ্য, উক্ত বিষয়ে শুনানীকালে মাদরাসার ভারপ্রাপ্ত সুপার মৌখিকভাবে বোর্ডকে অবগত করেন যে, সুপার জনাব জি. এম. এম. নুরুল ইসলাম এর বিরুদ্ধে আরও একাধিক নাশকতা মামলা বিচারাধীন আছে। যদিও উক্ত বক্তব্যের সমর্থনে তিনি কোন কাগজপত্র দাখিল করেন নাই।

যেহেতু নাশকতার বিষয়ে সুপার জনাব জি. এম. এম. নুরুল ইসলাম এর বিরুদ্ধে পুলিশ কর্তৃক তদন্তে অভিযোগ চার্জশীটভুক্ত হয়েছে ও যেহেতু মামলাটি বর্তমানে বিচারাধীন আছে এবং আনীত পুলিশি তদন্তে অভিযোগ গুরুতর ও স্পর্শকাতর বিধায় তাঁর আবেদন অনুযায়ী বোর্ড কর্তৃক সাময়িক বরখাস্ত প্রত্যাহার করে স্বপদে পূর্ণবহালের জন্য ম্যানেজিং কমিটিকে নির্দেশনা দেয়ার আইনগত সুযোগ নাই মর্মে এতদ্বারা তাঁকে জানিয়ে দেয়া হলো। উল্লেখ্য, কোন শিক্ষককে সাময়িক বরখাস্তসহ বিভাগীয় ব্যবস্থা গ্রহণের প্রাথমিক কর্তৃপক্ষ ম্যানেজিং কমিটি।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

### প্রাপকঃ

- ১) সভাপতি, দাওশা দরগাবাড়ী হিলফুল ফুজুল দাখিল মাদরাসা, পোঃ পীরগঞ্জ বাজার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
- ২) ভারপ্রাপ্ত সুপার, দাওশা দরগাবাড়ী হিলফুল ফুজুল দাখিল মাদরাসা, পোঃ পীরগঞ্জ বাজার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
- ৩) জনাব জি.এম.এম. নুরুল ইসলাম, সুপার (সাময়িক বরখাস্তকৃত), দাওশা দরগাবাড়ী হিলফুল ফুজুল দাখিল মাদরাসা পোঃ পীরগঞ্জ বাজার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১৫৮/ ২৬৮৭/৪

তারিখঃ ০০/০৮/২০১৭খ্রিঃ

### সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৪. সহকারী পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪